



ইরান-যুক্তরাষ্ট্র উত্তেজনায় তেলের বাজারে বড় উত্থান



তেলের বাজার অস্থিরতা। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যে ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যে চলমান উত্তেজনা আবারও বিশ্ববাজারে বড় প্রভাব ফেলেছে। এই পরিস্থিতিতে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দাম দ্রুত বেড়ে দুই সপ্তাহের মধ্যে সর্বোচ্চ স্তরে পৌঁছেছে। এক পর্যায়ে ব্যারেলপ্রতি দাম ১১৫ ডলারেরও ওপরে উঠে যায়। সোমবার (৩০ মার্চ) আগের দিনের তুলনায় তেলের দাম প্রায় ২.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ব্যারেলপ্রতি দাঁড়ায় ১১৫.৯৩ ডলারে। এটি ২৭ ফেব্রুয়ারির তুলনায় প্রায় ৬২ শতাংশ বেশি। একই সময়ে যুক্তরাষ্ট্রে ব্রেন্ট ক্রুডের দামও ৩.০১ শতাংশ বেড়ে ১০২.৬৪ ডলারে পৌঁছেছে।

অয়েল প্রাইস ডটকমের তথ্য অনুযায়ী, সাম্প্রতিক এই বৃদ্ধি ১৯৯০ সালে ইরানের কুয়েত আক্রমণের সময়ের বাজার অস্থিরতাকেও ছাড়িয়ে গেছে। বিশ্লেষকদের মতে, যুদ্ধ শুরু আগের তেলের দাম ছিল প্রায় ৭২ ডলার, কিন্তু বর্তমান পরিস্থিতিতে বাজার এখনো পুরো ব্যুঁকির প্রভাব বুঝে উঠতে পারেনি। তারা সতর্ক করছেন, আগামী মাসগুলোতে এই অস্থিরতার অর্থনৈতিক চাপ আরও স্পষ্টভাবে দেখা দিতে পারে।

LENS ASIA